

## উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করতে সরকার কাজ করছে

-শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে সরকার কাজ করছে। এজন্য সরকার গুরুত্ব দিয়ে এ খাতকে তদারকি করছে। বর্তমান সরকার উচ্চ শিক্ষার চাহিদা পূরণের লক্ষ্যে অনেকগুলো সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছে এবং এগুলোর গুণগত মান ধরে রাখার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল (শনিবার) রাজধানীর বাড্ডায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন অনুষ্ঠানে প্রেসিডেন্ট মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বাংলাদেশে উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিত করতে মানসম্পন্ন বিশ্ববিদ্যালয় স্থাপন এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার জন্য বেসরকারি উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, আমি সংশ্লিষ্ট সবাইকে ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণে, সেবার মনোভাব ও শিক্ষায় জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।

নাহিদ বলেন, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি অনুকরণীয় বিশ্ববিদ্যালয় হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করতে সক্ষম হবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ এবং গুণগত মান বৃদ্ধির জন্য অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এ জন্য বিষয় বাছাই, শিক্ষাক্রম উন্নয়ন, শিক্ষাদানের পদ্ধতি অব্যাহতভাবে উন্নত ও যুগোপযোগী করতে হবে।

শিক্ষামন্ত্রী আরো বলেন, আমাদের শিক্ষার মূল লক্ষ্য আমাদের নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে প্রস্তুত করা। প্রচলিত গতানুগতিক শিক্ষায় তা সম্ভব নয়। বর্তমান যুগের সাথে সঙ্গতিপূর্ণ আধুনিক বিশ্বমানের শিক্ষা ও জ্ঞান প্রযুক্তিতে দক্ষ, নৈতিক মূল্যবোধ ও দেশপ্রেমে উদ্ভূত এক পরিপূর্ণ মানুষ তৈরি করা আমাদের প্রধান লক্ষ্য। তারা আধুনিক ডিজিটাল বাংলাদেশ গড়ে তুলবে এবং ভবিষ্যতে নেতৃত্ব দিতে সক্ষম হবে।

সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. চৌধুরী মফিজুর রহমান এবং বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ফরিদুর রহমান খান বক্তব্য রাখেন। সমাবর্তন বক্তা ছিলেন বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস। সমাবর্তনে ৯৬২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী ৪ জন কৃতি শিক্ষার্থীর মাঝে স্বর্ণপদক বিতরণ করেন।